নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম ... -২, ঢাকা।
ডায়েরী নং- ৬৬৬১
তারিখ ঃ- ০১/০৮/২৬
গ্রহণকারী ঃ-
নি: প্র: ২৫৬



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম) এর দপ্তর**
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন
সেগুনবাগিচা, ঢাকা
ফোন নং-০২-২২৩৩৮২৮৩২ ফ্যাক্স নং-০২-২২৩৩৮২৪০৪
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.২৬০০.০০৩.০০.০০১.২৬ তারিখঃ------------------------

## অফিস আদেশ

ইদানীং লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন সরকারি স্থাপনার লিফট মেশিন রুমে অপারেটরসহ সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তি অবস্থান করেন। লিফটের যন্ত্রপাতির নিরাপদ পরিচালনা, কার্যকারিতা ও দীর্ঘস্থায়িত্ব নিশ্চিত করার লক্ষ্যে মেশিন রুমে শীতাতপ নিয়ন্ত্রণ (এয়ার কন্ডিশনিং) ব্যবস্থা রাখা হয়। কিন্তু পরিলক্ষিত হচ্ছে যে, কোনো কোনো ক্ষেত্রে লিফট মেশিন রুমে হিটারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার করে রান্না এবং ব্যক্তিগত অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হচ্ছে, যা লিফটের নিরাপত্তা, অগ্নি-নিরাপত্তা এবং যন্ত্রপাতির সুরক্ষার জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও সম্পূর্ণরূপে অনাকাঙ্ক্ষিত।

এমতাবস্থায়, লিফটের নিরাপদ পরিচালনা নিশ্চিতকরণে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো—

১। লিফট মেশিন রুমে কোনো অবস্থাতেই হিটার, ইলেকট্রিক স্টোভ বা অনুরূপ বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার করে রান্না বা অন্য কোনো ব্যক্তিগত কার্যক্রম পরিচালনা করা যাবে না।

২। যদি কোনো অপারেটর বা সংশ্লিষ্ট ব্যক্তি উপরোক্ত নির্দেশনা অমান্য করেন, তবে তাকে অবিলম্বে দায়িত্ব হতে অপসারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তার স্থলে উপযুক্ত ব্যক্তিকে নিয়োগের ব্যবস্থা করতে হবে।

৩। ভবিষ্যতে লিফট মেশিন রুমে অবস্থানের অনুমতি প্রদানের পূর্বশর্ত হিসেবে সংশ্লিষ্ট ব্যক্তি/অপারেটরের নিকট হতে হিটার বা অনুরূপ বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার না করার বিষয়ে একটি লিখিত অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

৪। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ নির্দেশনা কঠোরভাবে বাস্তবায়ন করবেন এবং এর কোনো ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। আবাসিক ভবনের ক্ষেত্রে বিষয়টি সংশ্লিষ্ট ভবন কমিটিকে অবহিত করতে হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষরিত) ৩/৮/২৬

(আশ্রাফুল হক)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ২৫.৩৬.২৬০০.০০৩.০০.০০১.২৬/১৬৪ তারিখঃ 22-04-2026 / 06-08-2026

অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-১/২/৩/প্ল্যানিং, ঢাকা।
২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১/২/৩/৪/৫/৬/৭/১২/১৩/ ই/এম কারখানা বিভাগ/ ই/এম কাঠের কারখানা বিভাগ-১/২, ই/এম প্ল্যানিং বিভাগ-১/২/৩, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা; ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। অফিস কপি, অত্র দপ্তর।